# কাস্টমস এন্ড ভ্যাট কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমবায় মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত

নিবন্ধন নং- ০০০৩১

নথি নং- ৫কাস(০১)/কাস্টমস এন্ড ভ্যাট কো-অপারেটিভ সোসাইটি/২০১৮/৫৬ তারিখঃ ১৮/০৫/২০২২খ্রিঃ

**বিষয় ঃ কাস্টমস এন্ড ভ্যাট কো-অপারেটিভ সোসাইটির বিশেষ সাধারণ সভা ও নির্বাচনের মাধ্যমে ব্যবস্থাপনা কমিটি গঠন।**

| | |
|---|---|
| **সভাপতি:** | জনাব সৈয়দ মুসফিকুর রহমান, কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম) ও সভাপতি, কাস্টমস এন্ড ভ্যাট কো-অপারেটিভ সোসাইটি (সিভিসিএস)। |
| **সভার স্থান:** | কাস্টমস এন্ড ভ্যাট কো-অপারেটিভ সোসাইটি অফিস কক্ষ। |
| **সভার তারিখ:** | ১৬/০৫/২০২২ খ্রিঃ (সোমবার)। |
| **সভার সময়:** | বিকাল ০৩:০০ ঘটিকা। |
| **আলোচ্যসূচী:** | কাস্টমস এন্ড ভ্যাট কো-অপারেটিভ সোসাইটির বিশেষ সাধারণ সভা ও ব্যবস্থাপনা কমিটি নির্বাচন। |

কাস্টমস এন্ড ভ্যাট কো-অপারেটিভ সোসাইটির একটি সভা কাস্টমস এন্ড ভ্যাট কো-অপারেটিভ সোসাইটির অফিস কক্ষে (কক্ষ নং-৭/২, ইস্টার্ন ম্যানশন, ৬৭/৯, পাইওনিয়ার রোড, কাকরাইল, ঢাকা) কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম) ও কাস্টমস এন্ড ভ্যাট কো-অপারেটিভ সোসাইটির সভাপতি জনাব সৈয়দ মুসফিকুর রহমান এর সভাপতিত্বে গত ১৬/০৫/২০২২ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট ''ক" তে রয়েছে।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সূচনা বক্তব্যে সভাপতি মহোদয় বলেন, কাস্টমস পরিবারের সকল সদস্যদের মতামতের ভিত্তিতে কাস্টমস এন্ড ভ্যাট কো-অপারেটিভ সোসাইটির (সিভিসিএস) গঠন করা হয়েছিল। পরবর্তীতে সকলের সহযোগীতায় সিভিসিএস আজকে একটি কাঠামোতে এসেছে। কোভিড-১৯সহ সম-সাময়িক বিভিন্ন প্রতিকুল পরিস্থিতি সত্ত্বেও সিভিসিএসের এই অগ্রযাত্রা সত্যিই প্রশংসার দাবিদার। তিনি বিগত দিনে সিভিসিএসের বিভিন্ন কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন এবং বিশেষ সাধারণ সভা ও পরবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন করার জন্য সকলের মতামত আহবান করে সভার পরবর্তী কার্যক্রম পরিচালনার জন্য সিভিসিএসের সাধারণ সম্পাদক জনাব মোঃ কামরুজ্জামান, অতিরিক্ত কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম) কে অনুরোধ জানান।

সিভিসিএসের সাধারণ সম্পাদক বলেন, কোভিড-১৯ সহ অন্যান্য প্রতিকুল পরিস্থিতির কারনে সিভিসিএস এর গঠনতন্ত্র অনুযায়ী বিগত কমিটি তাদের মেয়াদকালের মধ্যে নির্বাচন সম্পন্ন করতে না পারায় জেলা সমবায় কার্যালয় হতে বিগত ১৩/০৪/২০২২ খ্রিঃ তারিখে সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৮ (৫) ধারা মোতাবেক জনাব সৈয়দ মুসফিকুর রহমান, কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম) কে সভাপতি করে ০৫ (পাঁচ) সদস্যের সমন্বয়ে আগামী ১২০ (একশত বিশ) দিনের জন্য বর্তমান অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন করে। কমিটি গঠন করার পরে পবিত্র মাহে রমজানের সংক্ষিপ্ত অফিস সূচি ও ঈদের ছুটির কারনে ইতঃপূর্বে অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি কর্তৃক কোন সভা আহবান করা সম্ভব হয়নি। তিনি বলেন যেহেতু বর্তমান কমিটির প্রধান দায়িত্বই হচ্ছে দৈনন্দিন স্বাভাবিক কার্যক্রম পরিচালনা ও নির্বাচনের মাধ্যমে একটি নতুন ব্যবস্থাপনা কমিটি গঠন করা, সেহেতু অতি দ্রুততম সময়ের মধ্যে নতুন ব্যবস্থাপনা কমিটি গঠন করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা জরুরী। তিনি এ পর্যায়ে উপস্থিত সকল সদস্যকে তাদের মূল্যবান বক্তব্য পেশ করার জন্য অনুরোধ করেন।

সিভিসিএসের কোষাধ্যক্ষ ও কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম) এর উপ-কমিশনার মিজ রাবেয়া খাতুন তার বক্তব্যে বিগত বছর গুলোতে পূর্বের কমিটির নেওয়া বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে আলোকপাত করেন। তিনি বলেন আমরা যারা বর্তমান কমিটিতে আছি নতুন ব্যবস্থাপনা কমিটি গঠিত হলে আমরা আমাদের অর্জিত অভিজ্ঞতা সেই কমিটির সাথে শেয়ার করে সিভিসিএসের অগ্রযাত্রাকে আরো বেগবান করতে পারবো। তিনি আরো বলেন, যেহেতু আমাদের কমিটির মেয়াদ ১২০ (একশত বিশ) দিনে সীমাবদ্ধ সেহেতু যত দ্রুত সময়ে সম্ভব সমবায় সমিতি আইন ও বিধিমালা অনুসরণ করে সকলের উপস্থিতিতে সাধারণ সভা ও একটি প্রতিযোগিতামূলক এবং গ্রহনযোগ্য নির্বাচন আয়োজন করা আমাদের জন্য সর্বাধিক গুরুত্বপূর্ণ কাজ। এ লক্ষ্যে



কক্ষ নং: ২০১-২০৪, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

খসড়া ভোটার তালিকা প্রণয়নের আগেই সাধারণ সদস্যদের বকেয়া মাসিক চাঁদা আদায়ের জন্য একটি চিঠি ইস্যু করার জন্য তিনি সভাপতি ও সাধারণ সম্পাদক মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।

সভার এ পর্যায়ে সিভিসিএসের অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটির সদস্য জনাব এনামুল হক, সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টম হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা নতুন ব্যবস্থাপনা কমিটি গঠনের জন্য একটি পরিপূর্ণ খসড়া ভোটার তালিকা প্রস্তুত ও নির্বাচন পরিচালনার জন্য ৩ অথবা ৫ সদস্য বিশিষ্ট নির্বাচন কমিটি গঠনের প্রস্তাব দেন এবং যথাসময়ে আইন অনুযায়ী একটি ব্যবস্থাপনা কমিটি গঠন করার উপর গুরুত্বারোপ করেন।

আলোচনার এ পর্যায়ে সিভিসিএসের অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটির সদস্য ও কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) এর সিপাই জনাব মোঃ শফিকুল ইসলাম একটি নিয়মতান্ত্রিক ও গ্রহণযোগ্য নির্বাচন প্রক্রিয়ার মধ্য দিয়ে নতুন ব্যবস্থাপনা কমিটি গঠন করার উপর আলোকপাত করেন। তিনি সুনির্দিষ্টভাবে সাধারণ সভা ও নির্বাচনের তারিখ, সময় ও স্থান নির্ধারনের জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।

বিস্তারিত আলোচনা শেষে কমিটি নিমোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করে:

১. আগামী ০৭/০৬/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে একটি খসড়া ভোটার তালিকা প্রণয়নের জন্য অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটির সদস্য জনাব এনামুল হক, সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টম হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা প্রয়োজনীয় কার্যক্রম গ্রহন করবেন।
২. সম্প্রতি বদলী ও পদোন্নতির ফলে সিভিসিএস-এর যেসকল সদস্যদের পদবী ও দপ্তর পরিবর্তিত হয়েছে তাদেরকে নিজ দায়িত্বে www.cvcsbd.com ওয়েব সাইটে লগইন করে তথ্য সমূহ আগামী ০৯/০৬/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে হালনাগাদ করতে হবে। এ সংক্রান্ত যে কোন সমস্যা সমাধানের সিভিসিএস-এর অফিস সচিব জনাব মোঃ আমজাদ হোসেন (মোবাইল: ০১৯১৩৯৩০০৯৪) এর সাথে যোগাযোগ করা যাবে।
৩. সিভিসিএস-এর সদস্যদের অনেকের মাসিক (৩০০ টাকা) চাঁদা বকেয়া রয়েছে যা আগামী ০৯/০৬/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে পরিশোধ করতে হবে। মাসিক বকেয়া চাঁদা পরিশোধের জন্য www.cvcsbd.com ওয়েব সাইটে লগইন করে বিকাশ/ রকেট/ নগদ অথবা যেকোন ব্যাংকের ভিসা বা মাস্টার কার্ড ব্যবহার করে অথবা সরাসরি ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড, শান্তিনগর শাখা, হিসাব নং ১০৮ ১২০ ০০০৪৯৩০-তে জমা দেওয়া যাবে।
৪. আগামী ২২/০৭/২০২২ অথবা ২৯/০৭/২০২২ খ্রিঃ তারিখ রোজ শুক্রবার রাজধানীর আইডিইবি ভবন অথবা অফিসার্স ক্লাবে (বুকিং প্রাপ্তি সাপেক্ষে) বিশেষ সাধারণ সভা ও নির্বাচন অনুষ্ঠানের প্রাথমিক সিদ্ধান্ত গৃহিত হয়। এ লক্ষ্যে নির্বাচন পরিচালনার জন্য নিম্নোক্ত তিন জনের সমন্বয়ে একটি নির্বাচন পরিচালনাকারী কমিটি গঠন করা হলো।

**নির্বাচন পরিচালনা কমিটি**

| ক্রঃ | নাম ও পদবী | কর্মস্থল | কমিটিতে পদবী |
|---|---|---|---|
| ০১ | জনাব মোহাম্মদ এনামুল হক<br>কমিশনার | কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট | আহবায়ক |
| ০২ | জনাব মোঃ মিনহাজ উদ্দিন<br>যুগ্ম কমিশনার | নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা। | সদস্য |
| ০৩ | জনাব এ বি এম আব্দুল্লাহ আল মাসুম<br>রাজস্ব কর্মকর্তা | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর) | সদস্য |

উক্ত কমিটি আইন অনুযায়ী নির্বাচন পরিচালনা করার জন্য জেলা সমবায় অফিস হতে মনোনীত অফিসারের সাহায্য নিয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮.০৫.২২

(সৈয়দ মুসফিকুর রহমান)
সভাপতি
কাস্টমস এন্ড ভ্যাট কো-অপারেটিভ সোসাইটি

নথি নং- ৫কাস(০১)/কাস্টমস এন্ড ভ্যাট কো-অপারেটিভ সোসাইটি/২০১৮/৫৬ তারিখঃ ১৮/০৫/২০২২ খ্রিঃ

**<u>প্রাপক (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ</u>**

১. জনাব মোঃ কামরুজ্জামান, অতিরিক্ত কমিশনার ও সাধারণ সম্পাদক, কাস্টমস এন্ড ভ্যাট কো-অপারেটিভ সোসাইটি।

২. মিজ রাবেয়া খাতুন, উপ-কমিশনার ও কোষাধ্যক্ষ, কাস্টমস এন্ড ভ্যাট কো-অপারেটিভ সোসাইটি।

৩. জনাব এনামুল হক, সহকারী রাজস্ব কর্মকর্তা ও সদস্য, কাস্টমস এন্ড ভ্যাট কো-অপারেটিভ সোসাইটি।

৪. জনাব মোঃ শফিকুল ইসলাম, সিপাই ও সদস্য, কাস্টমস এন্ড ভ্যাট কো-অপারেটিভ সোসাইটি।

৫. জনাব মোহাম্মদ এনামুল হক, কমিশনার ও আহবায়ক, নির্বাচন পরিচালনা কমিটি।

৬. জনাব মোঃ মিনহাজ উদ্দিন, যুগ্ম কমিশনার ও সদস্য, নির্বাচন পরিচালনা কমিটি।

৭. জনাব এ বি এম আব্দুল্লাহ আল মাসুম, রাজস্ব কর্মকর্তা ও সদস্য, নির্বাচন পরিচালনা কমিটি।

**<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ</u>**

০১-০৭। সদস্য (শুল্ক ও মূসক প্রশাসন/ শুল্ক নীতি/ মূসক নীতি/ শুল্ক রপ্তানী, বন্ড ও আইটি/ শুল্ক নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য/ মূসক-বাস্তবায়ন ও আইটি/ মূসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০৮। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, ঢাকা।

০৯। ইকনোমিক মিনিস্ট্রার (কাস্টমস), ব্রাসেলস, বেলজিয়াম।

১০-১৫। কমিশনার, কাস্টম হাউস-ঢাকা/ আইসিডি/ চট্টগ্রাম/ বেনাপোল/ মোংলা/ পানগাঁও।

১৬-২৭। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা (পশ্চিম)/ চট্টগ্রাম/ কুমিল্লা/ খুলনা/ রাজশাহী/ সিলেট / রংপুর/ যশোর/ বৃহৎ করদাতা ইউনিট-মূসক, ঢাকা।

২৮-৩১। মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর/ কাস্টমস এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী চট্টগ্রাম/ শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর/ নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।

৩২। কমিশনার, শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

৩৩-৩৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-১ও ২/ চট্টগ্রাম/ খুলনা।

৩৭-৩৮। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।

৩৯-৪০। প্রকল্প পরিচালক, ভ্যাট অনলাইন প্রকল্প/এন.এস.ডব্লিউ/বন্ড অটোমেশন প্রকল্প, ঢাকা।

২৭.০৮.২২

**(সৈয়দ মুসফিকুর রহমান)**
সভাপতি
কাস্টমস এন্ড ভ্যাট কো-অপারেটিভ সোসাইটি